# নিয়োগ বিজ্ঞপ্তি

সোসিও ইকোনমিক ব্যাকিং এসোসিয়েশন (সেবা) MRA সনদপ্রাপ্ত **(সনদ নং-০১১৫১-০০১৪১-০০২৮৭)** জাতীয় পর্যায়ের একটি বেসরকারি ক্ষুদ্রঋণ সহায়তাকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির বর্তমানে ১৭৫টি শাখাসহ সমগ্র বাংলাদেশে কাজ করার অনুমোদন রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে নিম্নোক্ত পদে পরিশ্রমী ও চ্যালেঞ্জ গ্রহণের মানসিকতাসম্পন্ন আগ্রহী পুরুষ/মহিলা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রার্থীদের আগামী ১৯.০৬.২০২৫ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমা দেয়ার জন্য আহ্বান করা যাচ্ছে।

১. **জোনাল ম্যানেজার (পুরুষ) :** পদসংখ্যা ০৩টি। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক/স্নাতকোত্তর। অভিজ্ঞতা: স্বনামধন্য প্রতিষ্ঠানে ন্যূনতম এরিয়া ম্যানেজার পদে মাইক্রোক্রেডিটে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ৬৪,০০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৭৬,০০০/- টাকা (লাঞ্চ ও অবস্থান ভাতা অন্তর্ভুক্ত)।

২. **এরিয়া ম্যানেজার (পুরুষ) :** পদসংখ্যা ১০টি। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক/স্নাতকোত্তর। অভিজ্ঞতা: স্নাতক ডিগ্রিধারীদের স্বপদে ৩ বছর ও স্নাতকোত্তরদের ক্ষেত্রে ন্যূনতম শাখা ব্যবস্থাপক পদে মাইক্রোক্রেডিটে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ৫৩,১০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৬৩,০০০/- টাকা (লাঞ্চ ও অবস্থান ভাতা অন্তর্ভুক্ত)।

৩. **একাউন্টস অফিসার (প্রধান কার্যালয়) :** পদসংখ্যা ০২টি। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর। শিক্ষাগত যোগ্যতা: বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর। **অভিজ্ঞতা :** মাইক্রোক্রেডিটের টপ ৫০ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে/ডিভিশনাল কার্যালয়ে হিসাব সংক্রান্ত কাজের ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ৩৯,৫০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৪৮,৪০০/- টাকা।

৪. **ব্রাঞ্চ ম্যানেজার (পুরুষ) :** পদসংখ্যা ৫০টি। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক/স্নাতকোত্তর। অভিজ্ঞতা: স্নাতকদের ক্ষেত্রে স্বপদে এবং স্নাতকোত্তরদের ক্ষেত্রে ন্যূনতম সহকারী শাখা ব্যবস্থাপক পদে মাইক্রোক্রেডিটে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ৪২,০০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন ৫০,১০০/- টাকা (ক্রেডিট ও লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত)।

৫. **সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (পুরুষ) :** পদসংখ্যা ১০০টি। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতকোত্তর। অভিজ্ঞতা: স্বনামধন্য প্রতিষ্ঠানে মাইক্রোক্রেডিটে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ৩৩,০০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৪০,৭৫০/- টাকা (ক্রেডিট ও লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত)।

৬. **একাউন্ট্যান্ট (পুরুষ) :** পদসংখ্যা ১০০টি। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। শিক্ষাগত যোগ্যতা: বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ২৯,০০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৩৫,৫০০/- টাকা (লাঞ্চ ভাতা ও জ্বালানি বিল অন্তর্ভুক্ত)।

৭. **কমিউনিটি ম্যানেজার (মাঠকর্মী)-A (পুরুষ/মহিলা) :** পদসংখ্যা ২০০টি। বয়স: ২২-৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক/স্নাতকোত্তর। স্নাতকদের ক্ষেত্রে স্বনামধন্য মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানে ন্যূনতম ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ২৯,০০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৩৫,৫০০/- টাকা (ক্রেডিট ও লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত)।

৮. **কমিউনিটি ম্যানেজার (মাঠকর্মী)-B (পুরুষ/মহিলা) :** পদসংখ্যা ২৫০টি। বয়স: ২২-৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি/স্নাতক। এইচএসসিদের ক্ষেত্রে MRA সনদপ্রাপ্ত টপ ৫০ প্রতিষ্ঠানে মাইক্রোক্রেডিটে ন্যূনতম ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষানবিশকালীন মাসিক বেতন সর্বসাকুল্যে ২৮,৫০০/- টাকা, নিয়মিতকরণের পর মোট বেতন হবে ৩৫,০০০/- টাকা (ক্রেডিট ও লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত)।

**শর্তাবলী :** (১) প্রার্থীদের লিখিত দরখাস্তের সাথে সদ্য তোলা ৩ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্বের সনদ ও অভিজ্ঞতার সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। (২) শিক্ষানবিশকাল ছয় মাস সন্তোষজনকভাবে উত্তীর্ণ স্টাফদের চাকুরী স্থায়ীকরণসহ বছরে ৩টি উৎসব বোনাস, স্টাফ কল্যাণ তহবিল, অবসরকালীন তহবিল, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, অর্জিত ছুটির বিপরীতে আর্থিক সুবিধাসহ অন্যান্য ছুটির সুবিধা, জ্বালানি বিল, মোবাইল বিল, দূরত্ব ভাতা, বাণিজ্যিক ভাতা, অবস্থান ভাতা, মোটরসাইকেল ও বাইসাইকেল মেরামত, ট্রাভেলিং ও ডেইলি এলাউন্স, বাৎসরিক ইনক্রিমেন্ট ও ইনসেন্টিভ বোনাস প্রদান করা হবে। (৩) ৬, ৭ ও ৮ নং পদের ক্ষেত্রে অনভিজ্ঞদের ১ মাস প্রশিক্ষণকাল ধরা হবে। (৪) ১, ২, ৪, ৫ এবং ৬ নং পদের ক্ষেত্রে নিজস্ব মোটরসাইকেল ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (৫) ১ ও ২ নং পদের ক্ষেত্রে ২০,০০০/-টাকা, ৩ ও ৪ নং পদের ক্ষেত্রে ১৫,০০০/- টাকা এবং ৫, ৬, ৭ ও ৮ নং পদের ক্ষেত্রে ১০,০০০/- টাকা চাকুরীতে যোগদানের সময় জামানত প্রদান বাধ্যতামূলক, যা চাকুরী শেষে ফেরতযোগ্য। (৬) দরখাস্তে ২টি সচল মোবাইল নম্বর দিতে হবে। (৭) সকল পদের ক্ষেত্রে ২ জন প্রকৃত জামিনদাতাসহ প্রার্থীকে ১০০/- টাকা মূল্যের ৩টি নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি করতে হবে। (৮) সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। (৯) সকল পদের ক্ষেত্রে Microsoft Office Program, Internet Browsing, Email জানা আবশ্যক। (১০) পরীক্ষায় মনোনীত হলে ৫০০/- টাকা (অফেরতযোগ্য) ফি জমা দিয়ে ০১ (এক) দিনের পিএসও (Pre Service Orientation) ট্রেনিং করতে হবে। পিএসও করার পরও কোনো মনোনীত স্টাফের তথ্যের গরমিল হলে তার প্রার্থিতা স্থগিত/বাতিল এবং প্রতিটি পদবির পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত।

- **ঢাকা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের এবং কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়া জেলার প্রার্থীরাই শুধু আবেদন করতে পারবেন।**
- **৬, ৭ ও ৮ নং পদের ক্ষেত্রে কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।**
- **যারা ওয়েবসাইট ও ই-মেইলে সিভি ড্রপ করবেন, তাদেরকে অবশ্যই লিখিত আবেদনসহ সিভি ড্রপ করতে হবে।**

**পরিচালক প্রশাসন (মানবসম্পদ বিভাগ)**
সেবা সংস্থা, প্রধান কার্যালয়,
সেবা টাওয়ার, বিশ্বাস বেতকা, টাঙ্গাইল।
Website: www.seba-bd.org

**বিঃ দ্রঃ-** (১) সেবা সংস্থার নিকটস্থ যেকোনো শাখায় দরখাস্ত জমা দেয়া যাবে।
(২) ই-মেইলেও আবেদন করা যাবে। Email: buildcareerseba@gmail.com
(৩) অনলাইনে সার্টিফিকেট পরীক্ষণ করা হবে।

**চাকুরীর জন্য যেকোনো ধরনের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে প্রমাণিত হবে।**